Guardian at Sea

# কোস্ট গার্ড বার্তা

ষাণ্মাসিক, ২য় সংখ্যা, কার্তিক ১৪২২/নভেম্বর ২০১৫






## বাংলাদেশ কোস্ট গার্ড

Guardian at Sea

# বাংলাদেশ কোস্ট গার্ড

## সম্পাদনা পর্ষদ


**সভাপতি ঃ**
ক্যাপ্টেন এম মাজেদুল হক, (এন), পিএসসি, বিএন, পরিচালক (পরিকল্পনা ও অর্জন)

**সম্পাদক ঃ**
কমান্ডার এ কে এম মারুফ হাসান, (এস), পিএসসি, বিএন, উপ-পরিচালক (গোয়েন্দা)

**সহকারী সম্পাদক ঃ**
ইঃ লেঃ কমান্ডার এ এস এম শফিক উদ্দীন, বিএন

**কম্পিউটার কম্পোজ ও গ্রাফিক্স ঃ**
মোঃ সাত্তার উদ্দিন, এলআরইএন

**আঞ্চলিক প্রতিনিধিবৃন্দ ঃ**

**ঢাকা জোন**
লেঃ এ আর আল-আমিন, (ই), বিএন

**দক্ষিণ জোন**
ইঃ লেঃ এম মশিউর রহমান, বিএন

**পূর্ব জোন**
এম মনোয়ার হোসেন, আইন কর্মকর্তা

**পশ্চিম জোন**
বিশ্বজিৎ সাহা চৌধুরী, আইন কর্মকর্তা

# কমান্ডার, অস্ট্রেলিয়ান মেরিটাইম বর্ডার কমান্ড Rear Admiral Michael Noonan এর বাংলাদেশ সফর

কমান্ডার, অস্ট্রেলিয়ান মেরিটাইম বর্ডার কমান্ড Rear Admiral Michael Noonan ০৩ সদস্যের প্রতিনিধিদলসহ প্রথমবারের মত দুই দিনের রাষ্ট্রীয় সফরে গত ১৭ আগস্ট ২০১৫ বাংলাদেশে আসেন। সফরকালীন সময়ে কমান্ডার, অস্ট্রেলিয়ান মেরিটাইম বর্ডার কমান্ড মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব এবং নৌবাহিনী প্রধান এর সাথে সৌজন্য সাক্ষাতে মিলিত হন।



*মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী কর্তৃক অস্ট্রেলিয়ান মেরিটাইম বর্ডার কমান্ড এর প্রধান Rear Admiral Michael Noonan কে উপহার প্রদান*



*বাংলাদেশ কোস্ট গার্ড মহাপরিচালকের সাথে অস্ট্রেলিয়ান মেরিটাইম বর্ডার কমান্ড এর প্রধান এর সৌজন্য সাক্ষাৎ*

গত ১৮ আগস্ট ২০১৫ তিনি কোস্ট গার্ড সদর দপ্তরে এসে পৌঁছালে তাঁকে কোস্ট গার্ডের একটি চৌকস দল গার্ড অব অনার প্রদান করে। গার্ড পরিদর্শন শেষে তিনি বাংলাদেশ কোস্ট গার্ড মহাপরিচালকের সাথে সৌজন্য সাক্ষাতে মিলিত হন। অতঃপর তিনি সদর দপ্তর কনফারেন্স রুমে কোস্ট গার্ডের কর্মকান্ডের উপর ব্রিফিং এ অংশগ্রহণ করেন।

কমান্ডার, অস্ট্রেলিয়ান মেরিটাইম বর্ডার কমান্ড এর এই সফরের মাধ্যমে বন্ধুপ্রতিম দুই দেশের কোস্ট গার্ড তথা দ্বিপাক্ষিক পারস্পরিক সম্পর্কোন্নয়ন আরো দৃঢ় হবে বলে আশা করা যায়।







উক্ত দিন বাংলাদেশ কোস্ট গার্ড কর্তৃক কমান্ডার, অস্ট্রেলিয়ান মেরিটাইম বর্ডার কমান্ড এর সম্মানে বাংলাদেশের ঐতিহ্যবাহী একটি মনোজ্ঞ সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করা হয়। উক্ত সাংস্কৃতিক অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশে নিযুক্ত অস্ট্রেলিয়ান দূতাবাসের চার্জ দ্যা অ্যাফেয়ার্স লুসিন্দা বেল। অনুষ্ঠান শেষে মহাপরিচালক কর্তৃক অতিথিগণকে শুভেচ্ছা উপহার প্রদান করা হয়।

# বিদেশ সফর

বাংলাদেশ কোস্ট গার্ড মহাপরিচালক রিয়ার এডমিরাল এম মকবুল হোসেন, ওএসপি, এনডিইউ, পিএসসি গত ২৯ জুন থেকে ০১ জুলাই ২০১৫ ফ্রান্সের রাজধানী প্যারিস এবং ০২ থেকে ০৩ জুলাই ২০১৫ বেলজিয়ামের রাজধানী ব্রাসেল্‌স সফর করেন।

উক্ত সফরকালে তিনি ফ্রান্সের সমুদ্র বিষয়ক মহাসচিবের সাথে সৌজন্য সাক্ষাতে মিলিত হন। এছাড়াও তিনি উক্ত দেশের বিভিন্ন স্থাপনা, জাহাজ ও ডকইয়ার্ড পরিদর্শন করেন।



*ফ্রান্স সেক্রেটারি জেনারেল মেরিটাইম প্রিফেক্ট এর সাথে বাংলাদেশ কোস্ট গার্ড মহাপরিচালকের সৌজন্য সাক্ষাৎ এবং ক্রেস্ট বিনিময়*

এছাড়াও মহাপরিচালক বেলজিয়াম সফরকালে "Brussels Launching Event of Critical Maritime Routes in the Indian Ocean (CRIMARIO) Programme" এ অংশগ্রহণ করেন। উক্ত প্রোগ্রামে এশিয়ার সকল দেশের কোস্ট গার্ড প্রধানগণও অংশগ্রহণ করেন। মহাপরিচালক বাংলাদেশ কোস্ট গার্ড উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণ ছাড়াও বিভিন্ন দেশের কোস্ট গার্ড প্রধানদের সাথে পারস্পরিক মতবিনিময় ও সৌজন্য সাক্ষাতে মিলিত হন। বিসিজি মহাপরিচালক এর সফরে এশিয়ার অন্যান্য কোস্ট গার্ড এবং বাংলাদেশ কোস্ট গার্ডের মধ্যকার কৌশলগত ও কারিগরি সহযোগিতা সম্পর্কিত বিষয়গুলো প্রাধান্য পেয়েছে।



*বিসিজি মহাপরিচালক সফরসঙ্গীসহ গণচীনের System Engineering Research Institute (SERI) পরিদর্শন করেন*

মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড, রিয়ার এডমিরাল এম মকবুল হোসেন, ওএসপি, এনডিইউ, পিএসসি এর নেতৃত্বে ০৪ সদস্যের একটি প্রতিনিধি দল গত ০৫ থেকে ১৩ আগস্ট ২০১৫ চায়না শিপ বিল্ডিং এন্ড ট্রেডিং কর্পোরেশন (সিএসটিসি) এবং চায়না কোস্ট গার্ড এর আমন্ত্রণে গণচীন সফর করেন। গণচীনে অবস্থানকালীন সময়ে মহাপরিচালক ও তাঁর সফরসঙ্গীরা সেনজেন হাইস্পীড বোট (এসএইচএসবি) কোম্পানী, চায়না ন্যাশনাল প্রিসিশন মেশিনারী ইম্পোর্ট এন্ড এক্সপোর্ট কর্পোরেশন (CPMIEC) পরিদর্শন করেন।

এছাড়াও মহাপরিচালক সফরসঙ্গীসহ গণচীনের System Engineering Research Institute (SERI), পলি গ্রুপ, সিএসটিসি, হুদাং শিপইয়ার্ড ও চায়না কোস্ট গার্ড সদর দপ্তরে উপ-মহাপরিচালকসহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণের সাথে সৌজন্য সাক্ষাতে মিলিত হন। পরবর্তীতে প্রতিনিধি দল সাংহাইয়ে চায়না কোস্ট গার্ড এর একটি কাটার ৩১১০১ জাহাজ পরিদর্শন করেন।



*গণচীন সফরকালে চায়না কোস্ট গার্ড কাটার ৩১১০১ জাহাজে বাংলাদেশ কোস্ট গার্ড মহাপরিচালক ও প্রতিনিধিগণ*

গণচীনের যুদ্ধজাহাজ নির্মাণ কোম্পানী ও বিবিধ স্থাপনা পরিদর্শনকালে বাংলাদেশের পরিদর্শকদল গণচীনের সামরিক পণ্য ও প্রযুক্তি নিয়ে সম্যক ধারণা লাভ করেন, যা বাংলাদেশ কোস্ট গার্ডের জাহাজ ও বোটসমূহের সার্বিক মানোন্নয়নে এবং সমুদ্রে আইন-শৃঙ্খলা রক্ষায় সহায়ক হবে।

মহাপরিচালক ও তাঁর সফরসঙ্গীরা বিভিন্ন স্থাপনা ও জাহাজ পরিদর্শন ছাড়াও চায়না কোস্ট গার্ড এর উপ-মহাপরিচালকের সাথে পারস্পরিক শুভেচ্ছা বিনিময় ও সৌজন্য সাক্ষাতে মিলিত হন। চায়না ও বাংলাদেশ কোস্ট গার্ডের মধ্যে বিরাজমান বন্ধুত্বপূর্ণ ও সহযোগিতামূলক সম্পর্ককে প্রসারিত করতে মহাপরিচালকের এই সফর ফলপ্রসু ও উল্লেখযোগ্য ভূমিকা রাখবে।



*গণচীন সফরকালে চায়না কোস্ট গার্ড এর উপ-মহাপরিচালক Major General Mr. Chan Yide এর সাথে ক্রেস্ট বিনিময় করছেন বাংলাদেশ কোস্ট গার্ড মহাপরিচালক*



*Fincantieri S.p.A. এর শিপইয়ার্ড পরিদর্শন করছেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. মোঃ মোজাম্মেল হক খান, মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড এবং প্রতিনিধি দল*

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. মোঃ মোজাম্মেল হক খান এর নেতৃত্বে মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড রিয়ার এডমিরাল এম মকবুল হোসেন, ওএসপি, এনডিইউ, পিএসসি ০৩ সদস্যের একটি প্রতিনিধি দলসহ গত ০৮ থেকে ১২ সেপ্টেম্বর ২০১৫ Fincantieri S.p.A. এর আমন্ত্রণে ইতালি সফর করেন।

ইতালি অবস্থানকালীন সময়ে প্রতিনিধি দল বাংলাদেশ কোস্ট গার্ডের জন্য চারটি ইতালিয়ান নৌবাহিনীর Minerva Class Corvette জাহাজ Refurbishment এর মাধ্যমে Offshore Patrol Vessel (OPV) এ রূপান্তরকরণের কার্যক্রম পরিদর্শন করেন। উক্ত চারটি Offshore Patrol Vessel নিকট ভবিষ্যতে যথাশীঘ্রই বাংলাদেশ কোস্ট গার্ডের বহরে যুক্ত হলে বাংলাদেশ কোস্ট গার্ডের অপারেশনাল কার্যক্রম এবং সক্ষমতা আরও বৃদ্ধি পাবে। বাংলাদেশের প্রতিনিধি দল ইতালী সফরকালে সেদেশের উপ-প্রতিরক্ষামন্ত্রীর সাথে পারস্পরিক শুভেচ্ছা বিনিময় ও দ্বিপাক্ষিক বিভিন্ন বিষয়ে আলোচনা করেন। গুরুত্বপূর্ণ এ সফর ইতালি নৌবাহিনী ও বাংলাদেশ কোস্ট গার্ডের মধ্যে বিরাজমান বন্ধুত্বপূর্ণ ও সহযোগিতামূলক সম্পর্ককে আরোও প্রসারিত করতে ফলপ্রসু ও উল্লেখযোগ্য ভূমিকা রাখবে।

# বাদকদল অন্তর্ভুক্তি

বাংলাদেশ কোস্ট গার্ড প্রতিষ্ঠার পর হতে প্রায় ২০ বৎসর অতিক্রান্ত হলেও অদ্যাবধি কোস্ট গার্ডের নিজস্ব কোনও বাদকদল গড়ে ওঠেনি। ফলে প্রশিক্ষণ ও অন্যান্য আনুষ্ঠানিকতা সম্পাদনের জন্য বিভিন্ন সময়ে প্রয়োজন মাফিক নৌবাহিনী হতে বাদকদল এনে কার্য সম্পাদন করা হতো।

সম্প্রতি সদ্য কমিশনকৃত প্রশিক্ষণ ঘাঁটি সিজি বেইস অগ্রযাত্রায় প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়েছে। উক্ত প্রশিক্ষণ কার্যক্রমে শারিরীক প্রশিক্ষণের অংশ হিসেবে মর্নিং প্যারেড ক্লাসও অন্তর্ভূক্ত আছে, যা সঠিকভাবে সম্পাদনের জন্য প্রশিক্ষিত বাদকদল থাকা আবশ্যক।



*বাংলাদেশ কোস্ট গার্ড এ নতুন সংযোজিত বাদকদলের মাস্টারকে স্টিক তুলে দিচ্ছেন মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড*



*বাংলাদেশ কোস্ট গার্ড এ নতুন সংযোজিত বাদকদলের মাঝে মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড*

রাষ্ট্রীয় আনুষ্ঠানিকতা সম্পন্ন করাসহ চলমান প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্তে আনুষ্ঠানিকভাবে গত ৩০ জুলাই ২০১৫ বাংলাদেশ কোস্ট গার্ডের জন্য ৫৫ জন জনবল বিশিষ্ট একটি চৌকস বাদক দল গঠন করা হয়।




*বাংলাদেশ কোস্ট গার্ড এ নতুন সংযোজিত বাদকদলের একাংশ*

# কোস্ট গার্ড সদর দপ্তর এর কার্যক্রম




*চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বাংলাদেশ কোস্ট গার্ড এর মহাপরিচালক, উপ-মহাপরিচালক, পরিচালকবৃন্দ এবং ইন্ট্রাকো গ্রুপের এমডি ও অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তা*

বাংলাদেশ কোস্টগার্ড কল্যাণ ফাউন্ডেশনের অঙ্গসংগঠন "সিজিকেএফ ট্রেডিং কোম্পানী লিঃ" সম্প্রতি ইন্ট্রাকো ক্রুজ লাইন্স লিঃ এর সাথে যৌথ ব্যবসা পরিচালনার সিদ্ধান্ত গ্রহণ করে। যৌথ ব্যবসার অংশ হিসেবে প্রতিষ্ঠানদ্বয় পর্যটকদের জন্য ভ্রমণ সুবিধাজনক করার লক্ষ্যে একটি প্রমোদতরী নির্মাণের সিদ্ধান্ত গ্রহণ করে।

এ বিষয়ে গত ০৩ সেপ্টেম্বর ২০১৫ বাংলাদেশ কোস্ট গার্ড সদর দপ্তরে ব্যবসা প্রতিষ্ঠানদ্বয়ের মধ্যে একটি চুক্তি স্বাক্ষরিত হয়।

বাংলাদেশ কোস্ট গার্ড এর ক্রমবর্ধিষ্ণু কর্মকান্ডকে আরো বেগবান করার লক্ষ্যে সম্প্রতি ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিমিটেড নারায়ণগঞ্জ এর মাধ্যমে দুটি হারবার প্যাট্রোল বোট নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়। এ উপলক্ষে গত ১৫ সেপ্টেম্বর ২০১৫ কোস্ট গার্ড সদর দপ্তরে উক্ত প্রতিষ্ঠানের সাথে বাংলাদেশ কোস্ট গার্ড এর একটি চুক্তি স্বাক্ষরিত হয়।

উক্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কোস্টগার্ড এর মহাপরিচালক। এছাড়াও উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপ-মহাপরিচালক, পরিচালকবৃন্দ এবং ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিমিটেড নারায়ণগঞ্জ এর উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।




*চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বাংলাদেশ কোস্ট গার্ড এর মহাপরিচালক, উপ-মহাপরিচালক, পরিচালকবৃন্দ এবং ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিমিটেড নারায়ণগঞ্জ এর উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ*




*বাংলাদেশ কোস্টগার্ড এবং ট্রাস্ট ব্যাংক লিমিটেড এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে বিসিজি এর পরিচালকবৃন্দ ও অন্যান্য কর্মকর্তা এবং ট্রাস্ট ব্যাংক লিঃ এর উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ*

বাংলাদেশ কোস্টগার্ড এর সদস্যদের ব্যাংক হিসাবের মাধ্যমে স্বয়ংক্রিয় পদ্ধতিতে দ্রুত বেতনভাতা প্রদানের লক্ষ্যে সম্প্রতি বাংলাদেশ কোস্টগার্ড এবং ট্রাস্ট ব্যাংক লিমিটেড এর মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। গত ২৯ জুলাই ২০১৫ কোস্ট গার্ড সদর দপ্তরে অনুষ্ঠিত উক্ত সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলাদেশ কোস্ট গার্ড এবং ট্রাস্ট ব্যাংক লিঃ এর উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

পবিত্র মাহে রমজান উপলক্ষে বাংলাদেশ কোস্ট গার্ড ঢাকা জোনের উদ্যোগে ইফতার মাহফিলের আয়োজন করা হয় । উক্ত ইফতার মাহফিলে বাংলাদেশ কোস্ট গার্ডের সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ অংশগ্রহণ করেন ।

উক্ত ইফতার মাহফিল অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী জনাব আসাদুজ্জামান খাঁন কামাল, এমপি ।



*বাংলাদেশ কোস্ট গার্ড কর্তৃক আয়োজিত ইফতার মাহফিল অনুষ্ঠানে শুভেচ্ছা বিনিময় করছেন মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী*



*মহাপরিচালক বাংলাদেশ কোস্ট গার্ড কর্তৃক আয়োজিত ঈদ শুভেচ্ছা অনুষ্ঠানে কেক কর্তন করছেন মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী*

মুসলিম উম্মাহর বৃহত্তম ধর্মীয় উৎসব ঈদ-উল-ফিতর । এ উপলক্ষে গত ০৯ জুলাই ২০১৫ মহাপরিচালক বাংলাদেশ কোস্ট গার্ড কর্তৃক আয়োজিত ঈদ শুভেচ্ছা অনুষ্ঠানে বাংলাদেশ কোস্ট গার্ড অফিসার ও তাদের পরিবারবর্গের সাথে ঈদের আনন্দে শরীক হন মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী জনাব আসাদুজ্জামান খাঁন কামাল, এমপি । ঈদ শুভেচ্ছা অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন নৌবাহিনী প্রধান, মহাপরিচালক বাংলাদেশ কোস্ট গার্ড, সভানেত্রী বিএনএফডব্লিউএ এবং সভানেত্রী সিজিএফডব্লিউএ ।



*বাংলাদেশ কোস্ট গার্ড আয়োজিত ঈদ পুনর্মিলনী অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিদের সাথে সভানেত্রী সিজিএফডব্লিউএ*

গত ২০ আগষ্ট ২০১৫ বাংলাদেশ কোস্ট গার্ড এর ঢাকা জোনে কোস্ট গার্ড সেন্ট্রাল মসজিদ এর ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়। উক্ত অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে মসজিদের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন বাংলাদেশ কোস্ট গার্ড এর মহাপরিচালক।






কোস্ট গার্ড সেন্ট্রাল মসজিদ এর ভিত্তিপ্রস্তর স্থাপন শেষে মসজিদের প্রস্তাবিত নামফলক উন্মোচন করছেন মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড।



উপকূলীয় আইন শৃঙ্খলা রক্ষায় নিয়োজিত বাংলাদেশ কোস্ট গার্ড এর আধুনিকায়নে সহযোগিতা প্রদানের লক্ষ্যে বাংলাদেশে নিযুক্ত অস্ট্রেলিয়ার সামরিক উপদেষ্টা গত ১৮ আগস্ট ২০১৫ বাংলাদেশ কোস্ট গার্ড সদর দপ্তরে মহাপরিচালক এর সাথে এক সৌজন্য সাক্ষাতে মিলিত হন।



গত ২০ আগষ্ট ২০১৫ বাংলাদেশে নিযুক্ত কানাডিয়ান সামরিক উপদেষ্টা বাংলাদেশ কোস্ট গার্ড সদর দপ্তরে মহাপরিচালকের সাথে সৌজন্য সাক্ষাতে মিলিত হন। সৌজন্য সাক্ষাৎ শেষে সামরিক উপদেষ্টা কোস্ট গার্ড সদর দপ্তরে পরিদর্শন বই স্বাক্ষর করেন।




বাংলাদেশের প্রাকৃতিক সৌন্দর্য রক্ষা এবং পরিবেশের ভারসাম্য রক্ষার লক্ষ্যে প্রতি বছর বৃক্ষরোপণ কর্মসূচি পালন করা হয়। উক্ত কর্মসূচি পালনের লক্ষ্যে বাংলাদেশ কোস্টগার্ড কর্তৃক "বৃক্ষরোপণ অভিযান ২০১৫" পারিচালিত হয়। মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড কর্তৃক গত ২৩ জুলাই ২০১৫ বাহিনীর সদর দপ্তরে জাতীয় বৃক্ষ "আম" এর একটি চারা রোপণের মাধ্যমে এই অভিযান উদ্বোধন করা হয়।

# বাংলাদেশ কোস্ট গার্ড কর্তৃক পরিচালিত গুরুত্বপূর্ণ অপারেশন্স

বাংলাদেশ কোস্ট গার্ড এর সদস্যগণ রাষ্ট্রীয় কর্তব্যের অংশ হিসেবে চোরাচালান প্রতিরোধ, মৎস্য সম্পদ রক্ষা, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ, পরিবেশ ও বনজ সম্পদ রক্ষা, জলদস্যুতা দমন, অবৈধ অনুপ্রবেশ রোধ ইত্যাদি কর্মকান্ডের অংশ হিসেবে সংবেদনশীল ও ঝুঁকিপূর্ণ অভিযান পরিচালনা করে থাকেন।



*সিজি স্টেশন চাঁদপুর কর্তৃক আটককৃত অবৈধ পলিথিন*

এরই ধারাবাহিকতায় কোস্ট গার্ড জোনসমূহ কর্তৃক গত জুলাই ২০১৫ হতে অক্টোবর ২০১৫ সময়ের মধ্যে বিপুল পরিমাণ উৎপাদন ও ব্যবহার নিষিদ্ধ পলিথিন, কারেন্ট জাল, নিষিদ্ধ ঘোষিত জাটকা ও রেণু, হরিণ ও অতিথি পাখি, মূল্যবান কাঠ, ইয়াবা ট্যাবলেট ও মদ আটক করে।



*কোস্ট গার্ড পূর্ব জোন কর্তৃক পরিচালিত অভিযানে উদ্ধারকৃত সেগুন কাঠ*

ইয়াবার রাহুগ্রাস থেকে দেশের যুবসমাজকে মুক্ত রাখার প্রত্যয়ে উদ্দীপ্ত বাংলাদেশ কোস্ট গার্ড। গত ১৪ জুন ২০১৫ পূর্ব জোনের অধীনস্থ সিজি স্টেশন কক্সবাজার কর্তৃক আনুমানিক এক কোটি টাকা মূল্যের এক লাখ বিশ হাজার পিস ইয়াবাসহ ০৯ জন ইয়াবা ব্যবসায়ীকে আটক করা হয়।



*পূর্ব জোনের অধীনস্থ সিজি স্টেশন কক্সবাজার কর্তৃক আটককৃত ইয়াবাসহ ০৯ জন ইয়াবা চোরাচালানকারী*



*কোস্ট গার্ড বেইস মংলা এবং র‍্যাব-৬ এর যৌথ অভিযানে অস্ত্র ও গোলাবারুদসহ আটককৃত ২ জন জলদস্যু*

এছাড়াও বাংলাদেশ কোস্ট গার্ড সদস্যগণ সমুদ্রপথে অবৈধভাবে মালয়েশিয়াগামী লোকজন উদ্ধার, সন্ত্রাসী ও জলদস্যু আটকের লক্ষ্যে গুরুত্বপূর্ণ অভিযান পরিচালনা করে।

# ঢাকা জোন এর কার্যক্রম

বন্যপ্রাণী সংরক্ষণ অভিযানে বাংলাদেশ কোস্ট গার্ড স্টেশন পাগলা কর্তৃক বিপুল পরিমাণে অবৈধ হরিণের মাংস ও অতিথি পাখি উদ্ধার করা হয় ।






অবৈধ মৎস্য আহরণ প্রতিরোধের লক্ষ্যে কোস্ট গার্ড কর্তৃক পরিচালিত নিয়মিত অভিযানে সিজি স্টেশন পাগলা কর্তৃক আটককৃত বিপুল পরিমাণ অবৈধ রেণু ।

ইলিশের বংশ বিস্তারের লক্ষ্যে জাটকা নিধন প্রতিরোধ কোস্ট গার্ডের অন্যতম দায়িত্ব । এরই অংশ হিসেবে কোস্ট গার্ড স্টেশন চাঁদপুর কর্তৃক পরিচালিত একটি অভিযানে আটককৃত জাটকা ও কারেন্ট জাল ।






দেশের মৎস্য সম্পদ রক্ষায় সরকার কর্তৃক প্রদত্ত দায়িত্ব পালনের অংশ হিসেবে কোস্ট গার্ড স্টেশন চাঁদপুর কর্তৃক পরিচালিত অভিযানে জব্দকৃত বিপুল পরিমাণে অবৈধ কারেন্ট জাল পোড়ানো হয় ।

# পূর্ব জোন (চট্টগ্রাম) এর কার্যক্রম




গত ১৬ থেকে ২৭ আগষ্ট ২০১৫ যুক্তরাষ্ট্র এবং বাংলাদেশ কোস্ট গার্ড এর মধ্যকার সহযোগিতামূলক সম্পর্কের অংশ হিসেবে নেভাল স্মল ক্রাফট ইন্সট্রাকশন এন্ড টেকনিক্যাল ট্রেনিং স্কুল, ইউএসএ কর্তৃক পরিচালিত বেসিক আউটবোর্ড মোটর মেইনটেন্যান্স কোর্স এর সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন পূর্বজোন (চট্টগ্রাম) সফররত বাংলাদেশে নিযুক্ত মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত মার্সিয়া বার্নিকাট। এসময় তাঁর সাথে পূর্ব জোনের জোনাল কমান্ডার ও দুই দেশের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখিত অনুষ্ঠানের সফল সমাপ্তি শেষে কোস্ট গার্ড পূর্ব জোনের ভূয়সী প্রশংসা এবং উত্তরোত্তর মঙ্গল কামনায় পরিদর্শন বইয়ে স্বাক্ষর প্রদান করছেন সফররত বাংলাদেশে নিযুক্ত মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত মার্সিয়া বার্নিকাট।





গত ২৯ জুন ২০১৫ চট্টগ্রামস্থ বিএএফ ঘাঁটি জহুরুল হক হতে একটি এফ-৭ যুদ্ধ বিমান উড্ডয়নের আনুমানিক চল্লিশ মিনিট পর নিয়ন্ত্রণ হারিয়ে চট্টগ্রাম বন্দরের বহিঃর্নোঙ্গর এলাকায় বিধ্বস্ত হয়। এ সময় সাগরে টহলরত কোস্ট গার্ড জাহাজ তৌফিক দ্রুত ঘটনাস্থলে গমন করতঃ নৌবাহিনী, বিমান বাহিনী ও অন্যান্য সংস্থার সাথে সম্মিলিত অভিযানে বিধ্বস্ত বিমানটির কিছু ধ্বংসাবশেষ উদ্ধার করতে সক্ষম হয়। উক্ত ঘটনায় যুদ্ধ বিমানটির পাইলট ফ্লাইট লেঃ রুম্মান তাহমিদ নিখোঁজ হন। সম্মিলিত অভিযানে বিধ্বস্ত বিমানটির কিছু ধ্বংসাবশেষ উদ্ধার করা সম্ভব হলেও বিমানটির পাইলটকে উদ্ধার করা সম্ভব হয়নি।




আন্তর্জাতিক মানবিক আইন এবং আন্তর্জাতিক মানবাধিকার আইন সম্পর্কিত ধারণা প্রদানের লক্ষ্যে কোস্ট গার্ড পূর্ব জোনে ইন্টারন্যাশনাল কমিটি অব রেড ক্রস পরিচালিত কোর্সের সমাপনী অনুষ্ঠানে কোর্স পরিচালককে ক্রেস্ট প্রদান করেন জোনাল কমান্ডার পূর্ব জোন।




আন্তর্জাতিক মানবিক আইন এবং আন্তর্জাতিক মানবাধিকার আইন সম্পর্কিত ধারণা প্রদানের লক্ষ্যে কোস্ট গার্ড পূর্ব জোনে ইন্টারন্যাশনাল কমিটি অব রেড ক্রস পরিচালিত কোর্সের সনদ বিতরণী অনুষ্ঠানে কোর্সে অংশগ্রহণকারীদের মাঝে উপস্থিত হয়েছেন কোর্স পরিচালক এবং পূর্ব জোনের কর্মকর্তাবৃন্দ।




জলদস্যুদের দৌরাত্ম্য এবং অমানবিক অত্যাচার থেকে নিরীহ জেলেদের রক্ষায় কোস্ট গার্ড কর্তৃক পরিচালিত অভিযানের অংশ হিসেবে কোস্ট গার্ড পূর্ব জোনের অধীনস্থ সিজি আউট পোষ্ট সন্দ্বীপ কর্তৃক আটককৃত দেশীয় অস্ত্রসহ তিন জন জলদস্যু।



কোস্ট গার্ড পূর্ব জোন এর অধীনে সিজি বেইস চট্টগ্রাম কর্তৃক আটককৃত আনুমানিক চার কোটি সত্তর লক্ষ টাকা মূল্যের চুরানব্বই হাজার পিস ইয়াবা। উক্ত অভিযানে কোস্ট গার্ডের বেসামরিক কর্মচারীরাও অংশগ্রহণ করে বিশেষ ভূমিকা পালন করেন।

দেশের জলসীমায় আগত বিদেশী জাহাজ ও সমূদ্র বন্দরের নিরাপত্তা প্রদানের দায়িত্ব কোস্ট গার্ডের উপর ন্যস্ত। সেই দায়িত্ব পালনের অংশ হিসেবে কোস্ট গার্ড পূর্ব জোন কর্তৃক কর্ণফুলী নদীতে পরিচালিত অভিযানে আটক হওয়া বিপুল পরিমাণ অয়ার রোপ।







*মানবপাচার রোধে কোস্ট গার্ড অঙ্গীকারবদ্ধ ও সদা জাগ্রত। মানবপাচার রোধকল্পে সম্প্রতি কোস্ট গার্ড পূর্ব জোনের (চট্টগ্রাম) অধীনস্থ সিজি স্টেশন সেন্টমার্টিন্স কর্তৃক পরিচালিত অভিযানে অবৈধভাবে মালয়েশিয়াগামীদের উদ্ধারকরতঃ পুলিশ কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।*




গত ১২ জুলাই ২০১৫ পূর্ব জোন চট্টগ্রামের ইফতার মাহফিলে আমন্ত্রিত অতিথিদের মাঝে কোস্ট গার্ড মহাপরিচালক রিয়ার এডমিরাল এম মকবুল হোসেন, ওএসপি, এনডিইউ, পিএসসি এবং জোনাল কমান্ডার পূর্ব জোন ক্যাপ্টেন এম শহীদুল ইসলাম, (সি), পিএসসি, বিএন।



মুসলিম উম্মাহর পবিত্রতম মাস মাহে রমজান। কোস্ট গার্ডের মহাপরিচালক রিয়ার এডমিরাল এম মকবুল হোসেন, ওএসপি, এনডিইউ, পিএসসি পূর্ব জোন চট্টগ্রাম এর ইফতার মাহফিলে সকল স্তরের কর্মকর্তা ও নাবিকদের সাথে শুভেচ্ছা বিনিময় করেন।

# দক্ষিণ জোন (ভোলা) এর কার্যক্রম




গত ১১ জুলাই ২০১৫ দক্ষিণ জোন পরিদর্শনের অংশ হিসেবে দক্ষিণ জোনের বহরে থাকা এইচপিবি তেঁতুলিয়া পরিদর্শন করেন কোস্ট গার্ড মহাপরিচালক রিয়ার এডমিরাল এম মকবুল হোসেন, ওএসপি, এনডিইউ, পিএসসি



পরিবেশ রক্ষার দৃঢ় প্রত্যয়ে কোস্ট গার্ড দক্ষিণ জোন কর্তৃক অবৈধভাবে বালি উত্তোলনকালে  ড্রেজারসহ আটককৃত দুই জন



অবৈধ মৎস্য আহরণ প্রতিরোধের অংশ হিসেবে কোস্ট গার্ড দক্ষিণ জোন এবং ভ্রাম্যমান আদালত কর্তৃক আটককৃত বিপুল পরিমাণ অবৈধ জাটকা



দেশের বনজ সম্পদ রক্ষার্থে কোস্ট গার্ডের অবদান অসামান্য। এরই ধারাবাহিকতায় কোস্ট গার্ড দক্ষিণ জোনের অধীনস্থ সিজি স্টেশন পাথরঘাটা কর্তৃক বিশেষ অভিযানে আটককৃত চোরাই সুন্দরী কাঠের চালান।



জলদস্যুদের দৌরাত্ম্য রোধে কোষ্ট গার্ড কর্তৃক পরিচালিত নিয়মিত অভিযানের অংশ হিসেবে কোস্ট গার্ড দক্ষিণ জোন অধীনস্থ সিজি স্টেশন হাতিয়া কর্তৃক আটককৃত ০৫ জন কুখ্যাত জলদস্যু



জীব বৈচিত্র্য রক্ষায় কোস্ট গার্ড বদ্ধপরিকর। এরই ধারাবাহিকতায় কোস্ট গার্ড দক্ষিণ জোনের অধীনস্থ সিজি স্টেশন পাথরঘাটা কর্তৃক বিপুল পরিমাণ হরিণের মাংস ও জীবিত হরিণসহ ০২ জনকে আটক করা হয়।



জনকল্যাণমূলক কর্মকান্ডের অংশ হিসেবে দেশের প্রত্যন্ত উপকূলীয় অঞ্চলের সাধারণ মানুষের চিকিৎসা প্রদানের লক্ষ্যে কোস্ট গার্ড দক্ষিণ জোন কর্তৃক বিনামূল্যে চিকিৎসা সেবাসহ মেডিকেল ক্যাম্পেইন এর আয়োজন করা হয়।



জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৫ উপলক্ষে কোস্টগার্ড দক্ষিণ জোনের অধীন মেঘনা নদীতে কোস্ট গার্ড এবং মোবাইল কোর্টের অভিযানে আটককৃত বিপুল পরিমাণ চিংড়ির রেণু।



চোরাচালান প্রতিরোধে কোস্ট গার্ড এর সক্ষমতার অংশ হিসেবে কোস্ট গার্ড দক্ষিণ জোনের টহল দল কর্তৃক মেঘনা নদীতে অবৈধ ডিজেল আটক।

কোস্ট গার্ড দক্ষিণ জোন পরিদর্শনের অংশ হিসেবে গত ১০ জুলাই ২০১৫ সিজি বেইস ভোলা পরিদর্শন করেন মহাপরিচালক বাংলাদেশ কোস্ট গার্ড। এ সময় তার সাথে ছিলেন জোনাল কমান্ডার দক্ষিণ জোন।






দক্ষিণ জোন, ভোলা এর ইফতার মাহফিলে আমন্ত্রিত অতিথিদের মাঝে কোস্ট গার্ড মহাপরিচালক এবং জোনাল কমান্ডার দক্ষিণ জোন।

গত ১০ জুলাই ২০১৫ কোস্ট গার্ড নাবিকদের জন্য নবনির্মিত প্রশিক্ষণ ঘাঁটি সিজি বেইস অগ্রযাত্রার ইফতার পার্টিতে আমন্ত্রিত অতিথিবৃন্দ, কর্মকর্তা ও নাবিকদের মাঝে মহাপরিচালক বাংলাদেশ কোস্ট গার্ড।






গত ১০ জুলাই ২০১৫ কোস্ট গার্ড দক্ষিণ জোন পরিদর্শনকালে সিজি বেইস ভোলায় সফেদা ফলের গাছের চারা রোপণ করেন মহাপরিচালক বাংলাদেশ কোস্ট গার্ড।

# পশ্চিম জোন (মংলা) এর কার্যক্রম



স্পেশাল অপারেশন্স কমান্ড প্যাসিফিক ইউএসএ এবং বাংলাদেশ কোস্ট গার্ড পশ্চিম জোন কর্তৃক যৌথভাবে আয়োজিত ব্যালেন্স বাফেলো কোর্স এর সমাপনী অনুষ্ঠানে প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীদের সাথে ভারপ্রাপ্ত জোনাল কমান্ডার পশ্চিম জোন।




সরকারি রাজস্ব ফাঁকি দিয়ে দেশের অভ্যন্তরে পণ্য চোরাচালান প্রতিরোধে কোস্ট গার্ড বদ্ধপরিকর। এ প্রত্যয়ের অংশ হিসেবে কোস্ট গার্ড স্টেশন রূপসা কর্তৃক পরিচালিত অভিযানে বিপুল পরিমাণ ভারতীয় থান-কাপড়, ভারতীয় শাড়ী, থ্রি পিস ও বিদেশী ঔষধ আটক করা হয়।




মাদকদ্রব্য চোরাচালান রোধে কোস্ট গার্ড সদা সচেষ্ট। পশ্চিম জোনের কোস্ট গার্ড স্টেশন রূপসা কর্তৃক পরিচালিত একটি সফল অভিযানে আটককৃত গাঁজা ও হেরোইনসহ ০১ জন মাদক চোরাকারবারী।



সুন্দরবন অঞ্চলের নিরীহ জেলে ও জনসাধারণকে রক্ষায় দৃঢ় প্রত্যয়ী কোস্ট গার্ড পশ্চিম জোন অধীনস্থ সিজি বেইস মংলা কর্তৃক পরিচালিত অভিযানে আটককৃত অস্ত্র ও গোলাবারুদসহ ০১ জন বনদস্যু।





সুন্দরবনভিত্তিক বনজ সম্পদ রক্ষায় অঙ্গীকারবদ্ধ বাংলাদেশ কোস্ট গার্ড পশ্চিম জোন অধীনস্থ সিজি বেইস মংলা কর্তৃক চোরাচালানবিরোধী অভিযানে আটককৃত বোটসহ বিপুল পরিমাণ মূল্যবান কাঠ




জনস্বার্থ রক্ষার্থে সরকার কর্তৃক অর্পিত দায়িত্বের অংশ হিসেবে কোস্ট গার্ড পশ্চিম জোনের অধীনস্থ সিজি স্টেশন রূপসা কর্তৃক পরিচালিত অভিযানে আটককৃত বিপুল পরিমাণ কেমিকেলযুক্ত অবৈধ চিংড়ি ।




দেশের অভ্যন্তরে চোরাচালান প্রতিরোধে বদ্ধপরিকর বাংলাদেশ কোস্ট গার্ড । এ প্রত্যয়ে সিজি স্টেশন রূপসা কর্তৃক পরিচালিত অভিযানে আটককৃত বিপুল পরিমাণ ভারতীয় থান কাপড়, শাড়ী, থ্রি পিস ও মূল্যবান বিদেশী ঔষধ ।



জলদস্যু ও বনদস্যুদের দৌরাত্ম্য থেকে সাধারণ জনগণকে রক্ষার প্রত্যয়ে কোস্ট গার্ড এর নিয়মিত অভিযানে পশ্চিম জোন এর অধীনস্থ সিজি স্টেশন কৈখালী কর্তৃক উদ্ধারকৃত বিপুল পরিমাণ তাজা গোলাবারুদ ।




মুসলিম উম্মাহর ধর্মীয় তাৎপর্যপূর্ণ মাহে রমজান এর ইফতার মাহফিলে সর্বস্তরের কর্মকর্তা, নাবিক, কর্মচারী এবং অতিথিবৃন্দের মাঝে যোগদান করেন পশ্চিম জোনের ভারপ্রাপ্ত জোনাল কমান্ডার । উক্ত ইফতার মাহফিলে দেশের সার্বিক অগ্রগতি ও কল্যাণ কামনায় বিশেষ মোনাজাত করা হয় ।




পবিত্র ঈদে মিলাদুন্নবী (সঃ) উপলক্ষে কোস্ট গার্ড সদর দপ্তর মাল্টিপারপাস হলে আয়োজিত আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠানে প্রধান অতিথি বিএনএফডব্লিউএ এর সভানেত্রী বেগম হাফিজা হাবিব, সিজিএফডব্লিউএ এর সভানেত্রী বেগম রেহানা মকবুল এবং অন্যান্য আমন্ত্রিত অতিথিবৃন্দ ।





পবিত্র ঈদে মিলাদুন্নবী (সঃ) উপলক্ষে কোস্ট গার্ড সদর দপ্তর মাল্টিপারপাস হলে আয়োজিত আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠানের প্রধান অতিথিকে শুভেচ্ছা জানাচ্ছেন সিজিএফডব্লিউএ এর সভানেত্রী



পবিত্র ঈদে মিলাদুন্নবী (সঃ) উপলক্ষে কোস্ট গার্ড সদর দপ্তর মাল্টিপারপাস হলে আয়োজিত আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠান শেষে পরিদর্শন বই স্বাক্ষর করছেন বিএনএফডব্লিউএ এর সভানেত্রী বেগম হাফিজা হাবিব ।

গত ০৪ জুন ২০১৫ (বাংলা ২১ জৈষ্ঠ্য ১৪২২) কোস্ট গার্ড সদর দপ্তর মাল্টিপারপাস হলে বেগম হাফিজা হাবিব, প্রধান পৃষ্ঠপোষক বিএন লেডিস কাব কর্তৃক নামফলক উন্মোচনের মাধ্যমে বাংলাদেশ কোস্ট গার্ড লেডিস ক্লাব শুভযাত্রা আরম্ভ করে। উক্ত উদ্বোধনী অনুষ্ঠান ও পরবর্তীতে এর সার্বিক অগ্রযাত্রার দিক নির্দেশনায় ছিলেন বেগম রেহানা মকবুল, প্রধান পৃষ্ঠপোষক বাংলাদেশ কোস্ট গার্ড লেডিস ক্লাব ।





বিসিজি লেডিস ক্লাবের কেন্দ্রিয় অফিসের শুভ উদ্বোধনের প্রাক্কালে প্রধান অতিথি মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড কে শুভেচ্ছা জানাচ্ছেন সিজিএফডব্লিউএ এর সভানেত্রী বেগম রেহানা মকবুল। এসময় বাংলাদেশ কোস্ট গার্ড এর অন্যান্য কর্মকর্তাগণও উপস্থিত ছিলেন।

পরবর্তীতে গত ০১ জুলাই ২০১৫ বাড়ী নং ১১৪৬, রোড নং ৯/এ, মিরপুর ডিওএইচএস এ কোস্ট গার্ড মহাপরিচালক কর্তৃক বিসিজি লেডিস ক্লাবের কেন্দ্রিয় অফিসের শুভ উদ্বোধন করা হয়। এরই ধারাবাহিকতায় ০৯ সেপ্টেম্বর ২০১৫ বিসিজি লেডিস ক্লাব তার পূর্ণাঙ্গরূপে যাত্রা শুরু করে।





*বাংলাদেশ কোস্ট গার্ড লেডিস ক্লাব এর কেন্দ্রিয় কার্যালয় উদ্বোধনের পর দোয়া করছেন প্রধান অতিথি*

বর্তমানে লেডিস ক্লাবের তত্ত্বাবধানে কুরআন শিক্ষা, রান্নাবান্না, গান, নৃত্য শিক্ষা ও বাদ্যযন্ত্র বাজানো প্রশিক্ষণ এর কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও দুঃস্থ মানুষের সেবায় অন্যান্য সংগঠনের পাশাপাশি কোস্ট গার্ড লেডিস ক্লাব সার্বক্ষণিক সহায়তা প্রদান করে আসছে।

কোস্ট গার্ড সদর দপ্তরে সিজিএফডব্লিউএ এর বিদায়ী সদস্যা মিসেস লেঃ কমান্ডার আরাফাতকে উপহার প্রদান করছেন সভানেত্রী, সিজিএফডব্লিউএ বেগম রেহানা মকবুল ।



## কোস্ট গার্ড মহাপরিচালক ও সভানেত্রী সিজিএফডব্লিউএ কর্তৃক দক্ষিণ জোন পরিদর্শন



দক্ষিণ জোন পরিদর্শনকালে আঞ্চলিক চেয়ারম্যানকে আর্থিক অনুদানের চেক প্রদান করছেন সভানেত্রী, সিজিএফডব্লিউএ



দক্ষিণ জোন পরিদর্শনকালে সভানেত্রী, সিজিএফডব্লিউএ কে ফুল দিয়ে স্বাগত জানাচ্ছেন আঞ্চলিক চেয়ারম্যান



সিজিএফডব্লিউএ এর দক্ষিণ জোনের আঞ্চলিক কার্যালয় শুভ উদ্বোধনের প্রাক্কালে প্রধান অতিথি মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড কে স্বাগত জানাচ্ছেন জোনাল কমান্ডার এবং সিজিএফডব্লিউএ এর আঞ্চলিক চেয়ারম্যান





সিজিএফডব্লিউএ এর দক্ষিণ জোনের আঞ্চলিক কার্যালয় শুভ উদ্বোধন করছেন মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড



সভানেত্রী, সিজিএফডব্লিউএ কে উপহার দিচ্ছেন আঞ্চলিক চেয়ারম্যান







সিজি বেইস অগ্রযাত্রায় বৃক্ষরোপণ করছেন সভানেত্রী, সিজিএফডব্লিউএ

# বাংলাদেশ কোস্ট গার্ডের সাফল্যের পরিসংখ্যান


১। **সাফল্য**। বাংলাদেশ কোস্ট গার্ডের অপারেশনাল কর্মকান্ড বর্তমান বছরে অনেক বেশী বেগবান হয়েছে এবং সাফল্যের হারও বৃদ্ধি পেয়েছে আশাপ্রদভাবে। ২০১৪ সালে বাংলাদেশ কোস্ট গার্ড প্রায় ৯৭৭ কোটি টাকার অধিক মূল্যের অবৈধ দ্রব্য সামগ্রী আটক করেছে যা পূর্বের বছরের তুলনায় প্রায় দেড়গুণ। বাংলাদেশ কোস্ট গার্ড ইতিমধ্যেই অক্টোবর ২০১৫ পর্যন্ত প্রায় ১২৩৫ কোটি টাকার মালামাল আটক করেছে। নিচের তুলনামূলক চিত্রে বাংলাদেশ কোস্ট গার্ডের সাফল্যের বাৎসরিক প্রতিবেদন উপস্থাপিত হলোঃ





২। **চোরাচালান প্রতিরোধ**। শুধুমাত্র চোরাচালান প্রতিরোধ অভিযানে বাংলাদেশ কোস্ট গার্ড ২০১৪ সালে প্রায় ১১৪ কোটি ০৩ লক্ষ টাকার অধিক মূল্যের বিভিন্ন প্রকার চোরাচালান পণ্য আটক করেছে যা পূর্বের বছরের আটককৃত পণ্যের প্রায় দেড়গুণ। বাংলাদেশ কোস্ট গার্ড ইতিমধ্যেই অক্টোবর ২০১৫ পর্যন্ত প্রায় ৪৯ কোটি ৬৩ লক্ষ টাকার বিভিন্ন প্রকার চোরাচালান পণ্য আটক করেছে। চোরাচালান প্রতিরোধ অভিযানে সাম্প্রতিক কয়েক বছরের একটি তুলনামূলক চিত্র নিচে উপস্থাপিত হলোঃ




৩। **মৎস্য সম্পদ রক্ষা**। মৎস্য সম্পদ রক্ষা অভিযানে বাংলাদেশ কোস্ট গার্ড কর্তৃক ২০১৪ সালে প্রায় ৮০৭ কোটি ৬২ লক্ষ টাকা মূল্যের ২,৬৭,১৯৩ কেজি জাটকা, ১৩,২৮,২২,৯২৫ মিটার কারেন্ট জাল, ৩,৭৫,৯৩,৮২৫ মিটার অন্যান্য জাল, ৩,৪৪,৫২৯ টি (মশারী/বেহুন্দী) এবং ৫,৮৮,১৫,৮১০ পিস চিংড়ি পোনা আটক করা হয়েছে। বাংলাদেশ কোস্ট গার্ড ইতিমধ্যেই অক্টোবর ২০১৫ পর্যন্ত প্রায় **১১১৬ কোটি ৩০ লক্ষ টাকার** ২,৮৪,৪০২ কেজি জাটকা/মা ইলিশ, ২২,৫০,৬৩,৯০২ মিটার কারেন্ট জাল, ৫,৪২,৮৬,৬৮১ মিটার অন্যান্য জাল, ৫,৪৬৮ টি (মশারী/বেহুন্দী) এবং ১৭,৫৬,৩৩,৫৩৮ পিস চিংড়ি পোনা আটক করেছে। মৎস্য সম্পদ রক্ষা অভিযানে সাম্প্রতিক বছর গুলোতে বাংলাদেশ কোস্ট গার্ডের কার্যক্রমের একটি তুলনামূলক চিত্র নিচে উপস্থাপিত হলোঃ




৪। **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ**। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অভিযানে বাংলাদেশ কোস্ট গার্ড কর্তৃক নিয়মিতভাবে বিশেষ অভিযান পরিচালনা করে ২০১৪ সালে প্রায় ৩৬.০৭ কোটি টাকা মূল্যের বিভিন্ন মাদক দ্রব্য আটক করা হয়। যার মধ্যে ৬,৬৯,৬২০ পিস ইয়াবা, ৭,১৪৩ বোতল/ক্যান বিভিন্ন প্রকার মাদক ও ৪৫০১.৪ গ্রাম গাঁজা আটক করা হয়েছে। বাংলাদেশ কোস্ট গার্ড ইতিমধ্যেই অক্টোবর ২০১৫ পর্যন্ত প্রায় ৬১ কোটি ০৬ লক্ষ টাকার মাদক দ্রব্য আটক করেছে যার মধ্যে ১২,১৩,৪৬৯ পিস ইয়াবা, ২৭,৯৭৪ বোতল/ক্যান বিভিন্ন প্রকার মাদক ও ২৫,৬৭৫ গ্রাম গাঁজা আছে। সাম্প্রতিক বছর গুলোতে বাংলাদেশ কোস্ট গার্ডের মাদক বিরোধী অভিযানের একটি তুলনামূলক চিত্র নিচে উপস্থাপিত হলোঃ



৫। **বনজ সম্পদ রক্ষা**। সুন্দরবনসহ দেশের অন্যান্য অঞ্চলের মূল্যবান বনজ সম্পদ রক্ষায় পরিচালিত অভিযানে কোস্ট গার্ড অভূতপূর্ব সাফল্য অর্জন করেছে। ২০১৪ সালে বাংলাদেশ কোস্ট গার্ড প্রায় ১৯.৬৯ কোটি টাকা মূল্যের প্রায় ৪৬,৫৭৩.৯৬ ঘনফুট বিভিন্ন প্রকার বনজ কাঠ আটক করেছে। বাংলাদেশ কোস্ট গার্ড ইতিমধ্যেই অক্টোবর ২০১৫ পর্যন্ত প্রায় ০৮ কোটি ২৪ লক্ষ টাকার ২২,১৩২.৫৩ ঘনফুট বিভিন্ন প্রকার বনজ কাঠ আটক করেছে। সাম্প্রতিক বছর গুলোতে বাংলাদেশ কোস্ট গার্ডের বনজ সম্পদ রক্ষা অভিযানের অর্জিত সাফল্যের একটি তুলনামূলক চিত্র নিচে উপস্থাপিত হলোঃ




৬। **জলদস্যুতা দমন, অবৈধ অনুপ্রবেশ রোধ, অবৈধ অস্ত্র ও তাজা গোলা উদ্ধার**। সুন্দরবনসহ উপকূলীয় অঞ্চলে কোস্ট গার্ডের অপারেশনে জলদস্যু ও বনদস্যু আটক, অবৈধ অনুপ্রবেশ রোধ, অবৈধভাবে সমুদ্র পথে বিদেশ গমনকালে আটক, অবৈধ অস্ত্র ও তাজা গোলা উদ্ধার এবং বিপন্ন জেলেদেরকে উদ্ধারের পরিসংখ্যান নিম্নে প্রদত্ত হলোঃ

| ক্রমিক | আটককৃত মালামাল | ২০১২ | ২০১৩ | ২০১৪ | ২০১৫ | সর্বমোট (১৯৯৬-২০১৫) |
|---|---|---|---|---|---|---|
| ক। | জলদস্যু/ বনদস্যু | ২৮২ জন | ৩৩২ জন | ৩৬৬ জন | ২১৫ জন | ৩,৩৬৫ জন |
| খ। | অবৈধ অস্ত্র | ৪৯ টি | ৮৪টি | ৪৯ টি | ৪৩ টি | ৪০৩ টি |
| গ। | তাজা গোলা | ৩৪৫ রাউন্ড | ১৬৯৯ রাউন্ড | ৭২৭ রাউন্ড | ১,১৩৮ রাউন্ড | ৫,২০৪ রাউন্ড |
| ঘ। | বিপন্ন জেলে উদ্ধার | ৩০৩ জন | ২৪১ জন | ৯৪ জন | ৯৪ জন | ১,২৩৩ জন |
| ঙ। | অপহৃত/ ভাসমান নৌকা উদ্ধার | - | ৬৬ টি | ১৪৩ টি | ০২ টি | ২১১ টি |
| চ। | অবৈধভাবে সমুদ্র পথে বিদেশ গমনকালে আটক | ১২২ জন | ৩৬২ জন | ৯৯৯ জন | ২৩০ জন | ১,৭৩৬ জন |
| ছ। | অবৈধ অনুপ্রবেশ রোধ (মায়ানমার নাগরিক) | - | ১৭৪৮ জন মায়ানমার নাগরিক ৯৪টি মায়ানমার বোটসহ পুশব্যাক করা হয়েছে। এছাড়া ২৫ জন মায়ানমার নাগরিক ও ০২ টি বোট পুলিশের নিকট হস্তান্তর করা হয়েছে। | | | | |

# বাংলাদেশ কোস্ট গার্ডের উন্নয়ন সংক্রান্ত গুরুত্বপূর্ণ অর্জনসমূহ

১। "বাংলাদেশ কোস্ট গার্ডকে শক্তিশালীকরণ" শীর্ষক প্রকল্পের আওতায় ডিইডব্লিউ নারায়ণগঞ্জ কর্তৃক নির্মাণকৃত ১০টি হাই স্পীড বোট (বড়) এর নির্মাণ কাজ গত ২১ জুন ২০১৫ এ সম্পন্ন হয়েছে এবং আনুষঙ্গিক প্রক্রিয়া শেষে খুব শীঘ্রই বাংলাদেশ কোস্ট গার্ডে সংযোজিত হবে।

২। গত ২৯ জুলাই ২০১৫ "এনহ্যান্সমেন্ট অব অপারেশনাল ক্যাপাবিলিটি অব বাংলাদেশ কোস্ট গার্ড" শীর্ষক অনুমোদিত প্রকল্পটির (প্রাক্কলিত মূল্য ৪৬৮২২.৭০ লক্ষ) প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়েছে।

৩। বাংলাদেশ কোস্ট গার্ডের রাজস্ব বাজেটের আওতায় ০৪টি পন্টুন নির্মাণ করতঃ গত আগস্ট ২০১৫ তে যথাক্রমে সিজি আউটপোস্ট পতেঙ্গা, সিজি আউটপোষ্ট নলিয়ান, সিজি স্টেশন গজারিয়া এবং সিজি কম্পোজিট স্টেশন পদ্মা সেতুতে মুরিং করা হয়েছে।

৪। "বাংলাদেশ কোস্ট গার্ডের জন্য সমুদ্রগামী জলযান সংগ্রহ ও অবকাঠামো নির্মাণ" শীর্ষক প্রকল্পের আওতায় ২৯৬১.০৯ লক্ষ টাকা ব্যয়ে ০২টি হারবার প্যাট্রোল বোট সরাসরি ক্রয় পদ্ধতিতে ক্রয়ের নিমিত্তে ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিমিটেড নারায়ণগঞ্জ এর সাথে গত ১৫ সেপ্টেম্বর ২০১৫ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এছাড়াও একই প্রকল্পের আওতায় খান ব্রাদার্স শিপবিল্ডিং লিমিটেড কর্তৃক নির্মাণকৃত ০৪টি পন্টুন গত আগস্ট ২০১৫ তে যথাক্রমে সিজি বেইস মংলা, সিজি স্টেশন কাগাদোবেকী, সিজি স্টেশন হারবারিয়া এবং সিজি স্টেশন রাবনাবাদে মুরিং করা হয়েছে।

৫। "বাংলাদেশ কোস্ট গার্ডের জন্য সমুদ্রগামী জলযান সংগ্রহ ও অবকাঠামো নির্মাণ" শীর্ষক প্রকল্পের আওতায় পূর্বজোনের অধীনে চট্টগ্রামে ০১টি অফিসার্স মেস, ০১টি অফিসার্স আবাসিক ভবন, ০২টি সেইলর্স আবাসিক ভবন ও ০১টি জোনাল কমান্ডার্স বাংলো এবং পশ্চিম জোনের অধীনে মংলায় ০১টি অফিসার্স মেস, ০১টি অফিসার্স আবাসিক ভবন ও ০১টি সেইলর্স আবাসিক ভবনসহ অন্যান্য অবকাঠামো নির্মাণ কার্যক্রম চলমান রয়েছে।

৬। মার্কিন যুক্তরাষ্ট্র সরকার কর্তৃক অনুদান হিসেবে বাংলাদেশ কোস্ট গার্ডকে ৬টি মেটাল শার্ক ৩৮ (ফুট) ডিফায়েন্ট প্যাট্রোল বোট, স্পেয়ার্স ও ট্রেনিং সুবিধাদি প্রদানের নিমিত্তে ৫৩ লক্ষ মার্কিন ডলার সহায়তা প্রদান সংক্রান্ত একটি Letter of Offer & Acceptance (LOA) অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক স্বাক্ষর করতঃ গত ২৭ আগস্ট ২০১৫ মার্কিন দূতাবাসে প্রেরণ করা হয়েছে।

৭। মার্কিন যুক্তরাষ্ট্র সরকারের অনুদান হিসেবে বাংলাদেশ কোস্ট গার্ডকে স্পেয়ার পার্টস, টুল্স ও ট্রেনিং সহায়তা প্রদানের নিমিত্তে ৮ লক্ষ ৮২ হাজার মার্কিন ডলার সহায়তা প্রদান সংক্রান্ত একটি Letter of Offer & Acceptance (LOA) অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক স্বাক্ষর করতঃ ১৯ অক্টোবর ২০১৫ মার্কিন দূতাবাসে প্রেরণ করা হয়েছে।

৮। মার্কিন সরকারের আর্থিক সহায়তায় কোস্ট গার্ডের ৩০টি স্থানে সিসিএমসি নির্মাণের নিমিত্তে বিগত ২৭ জুন ২০১১ একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয় এবং গত ৩০ মে ২০১৫ উক্ত সমঝোতা স্মারকের প্রথম সংশোধনী স্বাক্ষরিত হয়। নির্বাচিত স্থানসমূহের মধ্য হতে ০৫টি স্থান পরিবর্তনের জন্য সমঝোতা স্মারকের ২য় সংশোধনী স্বাক্ষরের জন্য অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রক্রিয়াধীন রয়েছে।

# মহাপরিচালক কর্তৃক কোস্ট গার্ড কল্যাণ তহবিল হতে প্রদত্ত আর্থিক অনুদান (জুন ২০১২ হতে সেপ্টেম্বর ২০১৫ পর্যন্ত)

| ক্রঃ | তারিখ | অনুদানের বিবরণ | টাকার পরিমাণ | অনুদানের কারণ |
|---|---|---|---|---|
| ০১ | ০৪/০৬/২০১২ | মিসেস শারমিন আক্তার, স্বামী মৃত সঃ সংখ্যা ৯০০৩৪৬ এম এইচ কবির, পিওআরএস(জি), গ্রামঃ কুইচতারা, পোঃ কাঠালিয়া, থানাঃ মির্জাপুর, জেলাঃ টাংগাইল কে আর্থিক অনুদান প্রদান। | ১,০০,০০০/০০ | প্রাক্তন এ নাবিক গুরুত্বপূর্ণ অপারেশন চলাকালীন মৃত্যুবরণ করেন। |
| ০২ | ০৪/০৬/২০১২ | মিসেস পারভিন সুলতানা, স্বামী মৃত সঃ সংখ্যা ৯৫০২৪১ এম এ ইসলাম, টপ-১ ওবি ১০৮ হাউজিং তয় তলা, বেসামরিক কলোনী খুলনাকে আর্থিক অনুদান প্রদান। | ১,০০,০০০/০০ | প্রাক্তন এ নাবিক গুরুত্বপূর্ণ অপারেশন চলাকালীন মৃত্যুবরণ করেন। |
| ০৩ | ০৪/০৬/২০১২ | মোঃ আঃ রহমান, পুত্র মৃত সঃ সংখ্যা ২০০৪০০৬৫, এমই-১ গ্রাম+পোঃ গবা জোবা, থানাঃ কেন্দুয়া, জেলাঃ নেত্রকোনা কে আর্থিক অনুদান প্রদান। | ১,০০,০০০/০০ | প্রাক্তন এ নাবিক গুরুত্বপূর্ণ অপারেশন চলাকালীন মৃত্যুবরণ করেন। |
| ০৪ | ০৪/০৬/২০১২ | মোঃ তছলিম উদ্দিন, পুত্র মৃত সঃ সংখ্যা ২০০৭০০২৫ মোঃ রেজাউল করিম, এমই-১ গ্রামঃ মোসতফি, পোঃ ফকিরের টশরা, থানা+জেলাঃ লালমনিরহাট কে আর্থিক অনুদান প্রদান। | ১,০০,০০০/০০ | প্রাক্তন এ নাবিক গুরুত্বপূর্ণ অপারেশন চলাকালীন মৃত্যুবরণ করেন। |
| ০৫ | ০৪/০৬/২০১২ | মোঃ সামসদ্দিন, পুত্র মৃত সঃ সংখ্যা ২০০৭০৫১৯ মোঃ মাইন উদ্দিন, এবি গ্রামঃ চর সিটা, থানাঃ রামগতি, জেলাঃ লক্ষ্মীপুর কে আর্থিক অনুদান প্রদান। | ১,০০,০০০/০০ | প্রাক্তন এ নাবিক গুরুত্বপূর্ণ অপারেশন চলাকালীন মৃত্যুবরণ করেন। |
| ০৬ | ০৪/০৬/২০১২ | মিসেস রোজিনা খাতুন, স্বামী মৃত সঃ সংখ্যা ৯৭০২৩০ এম এম ইসলাম, টপ-১ গ্রামঃ মোসারাতো, পোঃ নোয়াপাড়া, থানাঃ অভয়নগর, জেলাঃ যশোর কে আর্থিক অনুদান প্রদান। | ১,০০,০০০/০০ | প্রাক্তন এ নাবিক গুরুত্বপূর্ণ অপারেশন চলাকালীন মৃত্যুবরণ করেন। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | ১৩/১০/২০১৩ | সঃ সংখ্যা ৮৫০০১৯ এম আশরাফ আলী, পিও(মেড) এর শারিরীক প্রতিবন্ধী পুত্র সন্তানের আর্থিক অনুদান প্রদান। | ২১,৫০০/০০ | বিশেষ ধরণের হুইল চেয়ার ক্রয়ের নিমিত্তে |
| ০৮ | ০১/১২/২০১৩ | প্রাক্তন সঃ সংখ্যা ৯৬০৩৪৯ সুমন চন্দ্র সিংহ, ইআরএ-৪ এর পরিবারকে আর্থিক অনুদান প্রদান। | ১,০০,০০০/০০ | প্রাক্তন এ নাবিক গুরুত্বপূর্ণ অপারেশন চলাকালীন মৃত্যুবরণ করেন। |
| ০৯ | ২৭/০৪/২০১৩ | সঃ সংখ্যা ২০০৮০৩৪৯ মোঃ নাজমুল হক রিয়াজ, এমএ-১ কে আর্থিক অনুদান প্রদান। | ১২,০৬৪/০০ | উন্নত চিকিৎসা ব্যয় নির্বাহে। |
| ১০ | ০৭/০৫/২০১৪ | সঃ সংখ্যা ৯২০০২৯ এম মশিউর রহমান, পিও(মেড) এর শারিরীক প্রতিবন্ধী পুত্রের জন্য আর্থিক অনুদান প্রদান। | ২৩,৫০০/০০ | বিশেষ ধরণের হুইল চেয়ার ও মেট্রেস ক্রয়ের নিমিত্তে। |
| ১১ | ০১/০৭/২০১৪ | সঃ সংখ্যা ২০১১০১৫৫ আব্দুস সামাদ, এমই-১ কে আর্থিক অনুদান প্রদান। | ৪,৯৭০/০০ | অপারেশন চলাকালীন সন্ত্রাসীদের গুলিতে চোখে আঘাত পান। নাবিকের চোখে উন্নত চিকিৎসা ব্যয় নির্বাহে। |
| ১২ | ২২/০৪/২০১৫ | সঃ সংখ্যা ৮৫০৫৮৫ পি সি বসু, চীফইআরএ কে আর্থিক অনুদান প্রদান। | ৫০,০০০/০০ | বিদেশে উন্নত চিকিৎসা ব্যয় নির্বাহে। |
| ১৩ | ১৫/০৯/২০১৫ | সঃ সংখ্যা ৯৩০০৫৯, মৃত আকন্দ মোহাম্মদ মোরসেদুল হক, পিও (এস) | ৫০,০০০/০০ | তার পরিবারকে আর্থিক অনুদান প্রদান। |




বাংলাদেশ কোস্ট গার্ডে শ্রীঘ্রই সংযোজিত হতে যাচ্ছে লিডার ক্লাসের ৪টি জাহাজ

